

Chattagram Maa-O-Shishu Hospital Bulletin



For Internal Circulation Only

January - March 2018

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউটের জন্য অনুদান প্রদান

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউটের জন্য বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে অনুদান প্রদান করা হয়। গত ১৪/০১/২০১৮ ইং তারিখ এই উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী সম্পাদক, প্রাক্তন লায়ন জেলা গভর্নর ও



CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউটের জন্য অনুদানের চেক গ্রহণ করছেন কার্যনির্বাহী প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক।

ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান জনাব এম এ মালেক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রাক্তন লায়ন জেলা গভর্নর লায়ন মোস্তাক আহমেদ, চিটাগং সমিতি নিউইয়র্ক এর প্রেসিডেন্ট লায়ন আবদুল হাই জিয়া ও তার সহধর্মিনী শাহিদা সিকদার জিয়া। অনুষ্ঠানে লায়ন ক্যাপ্টেন শফিক ভূঁইয়া, লায়ন এস এম কামাল পাশা, লায়ন জাফর আহমেদ, লায়ন

আবদুল হাই জিয়া তাদের অনুদানের চেক দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেকের কাছে হস্তান্তর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব এম এ মালেক বলেন, চট্টগ্রামের ক্যান্সার রোগীরা খুবই অবহেলিত। ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য চট্টগ্রামে কোন সু-ব্যবস্থা নাই। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ক্যান্সার রোগীকে চিকিৎসা সেবার জন্য একটি পূর্ণাঙ্গ ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন। যা নিঃসন্দেহে চট্টগ্রামবাসীর জন্য একটি ভাল খবর। এই ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নের জন্য সকলের এগিয়ে আসা উচিত। যেকোন ভাল কাজের উদ্যোগ নিলে তা অবশ্যই সফল হবে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের এই উদ্যোগও অবশ্যই সফল হবে। তিনি এ ব্যাপারে সহযোগিতার হাত বাড়ানোর জন্য দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি চিটাগং সমিতি নিউইয়র্ক ও আমেরিকা প্রবাসীদের এ ব্যাপারে বিশেষ সহযোগিতা কামনা করেন। চট্টগ্রাম সমিতি নিউইয়র্ক এর প্রেসিডেন্ট জনাব আবদুল হাই জিয়া বলেন চট্টগ্রাম বাসীর জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে একটি অনন্য প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠার সাথে কাজ করলে একটি প্রতিষ্ঠানকে কতদূর এগিয়ে নেয়া যায় এটি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি নিউইয়র্ক প্রবাসী ও চট্টগ্রাম সমিতি নিউইয়র্ক এর পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এবং বিশেষ ভাবে প্রস্তাবিত ক্যান্সার হাসপাতালের জন্য সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। প্রাক্তন লায়ন জেলা গভর্নর লায়ন মোস্তাক আহমেদ বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজ সারা দেশে একটি মডেল হাসপাতাল হিসেবে পরিচিতি লাভ করেছে এবং এটি আজ একটি বিশাল প্রতিষ্ঠানে রূপ লাভ করেছে। এটি সম্ভব হয়েছে প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট এবং এর পরিচালনার সাথে সংশ্লিষ্টদের সততা, আন্তরিকতা ও দৃঢ়তার জন্য। তিনি লায়ন ডিপ্লিষ্টের পক্ষ থেকে হাসপাতালের জন্য সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম হাসপাতালের সার্বিক কার্যক্রম এর বিষয়ে সভাতে তুলে ধরেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ট্রেজারার মোঃ রেজাউল করিম আজাদ, মেরিডিয়ান গ্রুপের চেয়ারম্যান এস এম কামাল পাশা, মিসেস শাহিদা সিকদার জিয়া প্রমুখ। অনুষ্ঠানে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এসএম মোস্তাক আহমেদ, উপ-পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মোশাররফ হোসাইন ও অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে এগিয়ে আসার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

